দৈনিক ইনকিলাব

তারিখ ... ... SEP. ... 1999 ...
পৃষ্ঠা ৬ কলাম ৩...

১৪

# কম্পিউটারে Y2K সমস্যা সম্পর্কে হুঁশিয়ারি

ইউএনবি/বিবিসি ঃ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সতর্ক করে দিয়েছে যে, সাইবানেটিক Y2K সমস্যা আগামী ৩১ ডিসেম্বরের পরবর্তী সময়ের যে কোন হিসাবপত্রকে প্রভাবিত করতে পারে। তারা এ ব্যাপারে ব্যাপক প্রতিরোধ ব্যবস্থাও ঘোষণা করেছে। কাউন্সিল জানায়, মিলেনিয়াম বাগ নামে এই Y2Kসমস্যা সেফটি যন্ত্রপাতি, ডাটাভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি, ট্রানজেকশন প্রক্রিয়া পদ্ধতি, ইডিআই, ব্যাংক ম্যানেজমেন্ট, স্পেডশীট, 'পিবিএক্স, ফোন সিস্টেম, চিকিৎসা সরঞ্জাম ও অন্যান্য ইলেকট্রনিকস সেটসাপ-এ প্রভাব বিস্তার করতে পারে। এ ব্যাপারে সংশ্লিষ্টদের তাদের সরবরাহকারীদের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে। এদিকে মার্কিন পররাষ্ট্র দফতর জানিয়েছে— পাকিস্তান, ভারত ও চীন সবাই দুই হাজার সাল সংক্রান্ত কম্পিউটার বাগ বা জটিলতার দরুন সম্ভাব্য ব্যাঘাতের সম্মুখীন। প্রায় দুইশ' দেশের ক্ষেত্রে ঐ কম্পিউটার বাগের সম্ভাব্য প্রভাব সম্পর্কে মার্কিন পররাষ্ট্র দফতরের রিপোর্টে বলা হয়েছে। তাতে আরো বলা হয়েছে যে, পাকিস্তান ও চীনের হাসপাতাল ও ব্যাংকগুলো এবং বিজলী সরবরাহ গুরুতরভাবে ব্যাহত হওয়ার সম্ভাবনা রয়েছে। রিপোর্টে বলা হয় যে, চীনের অভ্যন্তরে শহরগুলোতে যোগাযোগ সমস্যাও হতে পারে। তাছাড়া ভারতে যেসব পর্যটক যাবেন তাদের ঐ রিপোর্টে হুঁশিয়ারি দেয়া হয় যে; তাদের বিজলী টেলিযোগাযোগ আর জরুরী সেবা ব্যবস্থাগুলোতে ব্যাঘাত ঘটার অভিজ্ঞতা হতে পারে।